

Mettlepower Communications

Contact: 9903168646 / 9836344370

Coverage / Advt Sheet

Publication & Date: Aajkaal (12.06.2011)

Page Number: Rabibasaria-1)

Head Line: Jeeo - Befikar.

আজকাল ১২ জুন ২০১১



জিও বেফিকার

সরস্বতী মণ্ডল, শম্পা পাল, চম্পা হালদার কিংবা বেবি রায়। এঁরা রাঁধেন, চুল বাঁধেন, সংসারের কাজ করেন এবং দারুণ ভালভাবে গাড়িও চালাতে পারেন। মেডিকা হাসপাতালে কখনও নিজের গাড়ি নিয়ে গেছেন? দেখবেন ভ্যালু পার্কিংয়ে আপনাকে সাহায্য করার জন্য এঁদের কোনও একজন সঙ্গে সঙ্গে এগিয়ে আসবেন। আন্তর্জাতিক নারী দিবসে তাঁদের বিশেষ সম্মান



পুরস্কৃতদের সঙ্গে বাজাজ অ্যালিয়াস-এর আঞ্চলিক অধিকর্তা শুভাশিস মজুমদার ও ডাঃ অলক রায়

ছবি: দীপক গুপ্ত

জানানো হল মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতালের পক্ষ থেকে। 'মোস্ট ইনস্পিরেশনাল উওমেন ড্রাইভার্স ট্রফি' দিতে এগিয়ে এল বাজাজ অ্যালিয়াস। প্রায় ৭০ জন মহিলা অনলাইনে তাঁদের জীবনের গল্প জানান- 'জিও বেফিকার'। মূলত সমাজের নিম্ন মধ্যবিত্ত অংশ থেকে উঠে এসে সরস্বতী-চম্পারা আরও ভাল বাঁচার রসদ পেলেন।

হাসপাতালের চেয়ারম্যান ডাঃ অলক রায় জানান, আমাদের সংস্থা চিরকাল নারীদের বিশেষ মর্যাদা দেয়। সেজন্যই এমন অনুষ্ঠান।

মেডিকা সুপারস্পেশালিটি হাসপাতাল: (০৩৩)৬৬৫২-০০০০।

মৈনাক সেন